


## প্রেস বিজ্ঞপ্তি

আজ ০৩ ডিসেম্বর, ২০১৭ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় শেরেবাংলা নগরস্থ অর্থনৈতিক সম্পর্ক বিভাগের এনইসি ভবনের সম্মেলন কক্ষ-২-এ Export-Import Bank of Korea (The Government Agency for the EDCF)-এর বাংলাদেশে Representative অফিস স্থাপন সম্পর্কিত চুক্তি “Arrangement between the Government of The Republic of Korea and the Government of the People’s Republic of Bangladesh concerning activities of the Economic Development Cooperation Fund in the People’s Republic of Bangladesh” স্বাক্ষরিত হয়। কোরীয় সরকারের পক্ষে ঢাকাস্থ কোরীয় মান্যবর রাষ্ট্রদূত H.E. Mr. Ahn Seong-doo এবং বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব Mr. Kazi Shofiqul Azam চুক্তিটি স্বাক্ষর করেন। স্বাক্ষর অনুষ্ঠানে বাংলাদেশে EDCF এর Chief Representative, কোরীয় দূতাবাসের কর্মকর্তাবৃন্দসহ এ বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

কোরীয় সরকার দক্ষিণ কোরিয়ার উন্নয়ন সহযোগী সংস্থা Economic Development Cooperation Fund (EDCF) এর মাধ্যমে ১৯৯৩ সাল থেকে বাংলাদেশের আর্থ-সামাজিক ও অবকাঠামোগত উন্নয়ন এবং তথ্য প্রযুক্তির প্রসারে নমনীয় ঋণ সহায়তা প্রদান করে আসছে। ইতোমধ্যে কোরীয় সরকারের সহায়তায় ৩১০.২৭ মিঃমাঃ ডলারে মোট ১১ টি প্রকল্প সমাপ্ত হয়েছে। ৬৯৩.৯১ মিলিয়ন মার্কিন ডলারে ১০টি প্রকল্প চলমান রয়েছে। অদ্যাবধি EDCF বাংলাদেশকে প্রায় ১.০ বিলিয়ন মার্কিন ডলার নমনীয় ঋণ প্রদান করেছে যা EDCF এর উন্নয়ন অংশীদার দেশসমূহের মধ্যে ২য় সর্বোচ্চ। বাংলাদেশে কোরীয় এক্সিম ব্যাংকের প্রতিনিধি অফিস স্থাপনের ফলে সরাসরি যোগাযোগ সৃষ্টির মাধ্যমে ঋণ প্রক্রিয়াকরণ কার্যক্রম ত্বরান্বিত করা সম্ভব হবে এবং উভয় দেশের মধ্যে উন্নয়ন কার্যক্রম আরও গতিশীল হবে।

এ প্রসঙ্গে উল্লেখ্য যে, সহসাই বাংলাদেশ সরকার এবং কোরীয় সরকারের মধ্যে ২০১৭-২০২০ মেয়াদে বিভিন্ন উন্নয়ন প্রকল্পে ঋণ সহায়তা সম্বলিত ৫০০ মিঃমাঃ ডলারের একটি Framework Arrangement স্বাক্ষরিত হবে।

  
শ.এস.এম. মুস্তাফিজুর রহমান  
উপ-সচিব  
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ  
অর্থ মন্ত্রণালয়  
সংসদ ভবন, ঢাকা-১০০